5000Rs.

INDIA NON JUDICIAL

৳০০০রু. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

থানা - সোনারপুর, মৌজা - জগন্নাথপুর,

জমি - ৫ পাঁচ কাঠা

মূল্য - ১,০০,০০০.০০ এক লক্ষ টাকা --

মূল্যের নিঃস্বত্ব সাফ, বিক্রয় কোবালা :-

Admissible under rule 21, duly Stamped of G14 of L. R. Ac. 1899 under the Indian Stamp Act 1899 Schedule Corrected up to 1974 Schedule Fees Paid ...... I A No 23 Prosses fees Rs......

Additional District Sub-Registrar Sonarpur, South 24-Pgs.

... the W.B. Prevention of undervaluation ... market value ... Rs 2,75,000 and deficit stamp duty of Rs 8750 is payable.

কোবালা ক্রেতা :-

শ্রী সুব্রত কুমার হালদার, পিতা - মৃত সুবর্ণ চন্দ্র হালদার,

জাতি - হিন্দু, পেশা - চাকুরী, সাং - উকিল পাড়া,

পোঃ ও থানা - বারুইপুর, জেলা - দক্ষিন ২৪ পরগনা ॥

******

কোবালা বিক্রেতা :-

শ্রী খোকন কান্তি ধর, পিতা - শ্রী অনিল কান্তি ধর,

জাতি - হিন্দু, পেশা - ব্যবসা, সাং - সোনারপুর সাহেবপাড়া

পোঃ ও থানা - সোনারপুর, জেলা - দক্ষিন ২৪ পরগনা ॥

*********

Certified u/s 42 of the I.S. Act, 1899 that deficit stamp duty of Rs 8750 is paid on ... by Bank draft dated ...

A.D.S.R. Sonarpur & Collector u/s 41, 42 of the I.S. Act, 1899

পৃ .... ২

জন্য আমার খরিদা রায়ত দখলী সূত্রে স্বত্ব বিশিষ্ট সর্ব্বপ্রকার হস্তান্তর যোগ্যের খেরাজী ভার্সা জমি জমা বিক্রয়ের নিঃস্বত্ব সাফ, কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা দক্ষিন ২৪ পরগনা, থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন রাজপুর - সোনারপুর পৌরসভার এলাকা ভূক্ত পরগনে - মেদনমল্ল অন্তর্গত - জেঃ এলঃ নং - ৫১, মৌজা - জগন্নাথপুর অবস্থিত নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্নিত এবং - অত্র কোবালা সংলগ্ন নকসায় লাল রং দ্বারা সীমারেখা চিহ্নিত ও পরিবেষ্টিত ১৮১নং প্লটে ৫ কাঠা পরিমিত জমি অত্র কোবালা মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে।

নিম্ন তপশীল বর্নিত জমি জমা আমার পূর্ব্ব বিক্রেতা অধুনা মৃত যতীন্দ্র চন্দ্র ঘোষ মহাশয় বিগত ইংরাজী - ১৩.৪.১৯৬৭ সাল তারিখে সোনারপুর থানার অন্তর্গত নরেন্দ্রপুর - আশ্রম প্রাক্তন ছাত্র সংঘ এর নিকট হইতে সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহির - ৭ নং ভল্যুমের ২৪৭ - ২৫০ নং পাতায় ১৯৬৭ সালে ৫০৩ নং দলিল মূলে খরিদ করিয়া খরিদ সূত্রে ভোগ দখল করাবস্থায় গত ইংরাজী- ১৩.১০.১৯৯৮ সাল তারিখে পরলোক গমন করেন। তাঁহার দেহান্তে তাঁহার ত্যক্ত সম্পত্তির ওয়ারিশান তাঁহার স্ত্রী শ্রীমতী নিতা ঘোষ পুত্র শ্রী সৌম্য ঘোষ ও কন্যা কুমারী সীমা ঘোষ সম পরিমানে স্বামী ও পিতার ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া একযোগে মালিক স্বত্বাধিকারী হইয়া ভোগ দখল করাবস্থায় নগদ অর্থের প্রয়োজনে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বিক্রয় করিবার ঘোষনা করিলে অত্র কোবালার বিক্রেতা আমি নিজ অর্জিত অর্থের দ্বারা বিগত ইংরাজী - ১৬.১০.১৯৯৮ সাল তারিখে খরিদ করি। আমার খরিদা দলিল সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ১২৭ নং ভল্যুমে ৩৩৯ - ৩৪৪ নং পাতায় ১৯৯৮ সালে ৭৭৭৩ নং দলিল রূপে লিপিবদ্ধ রহিয়াছে। উক্তরূপে খরিদ সূত্রে একযোগে মালিক স্বত্বাধিকারী হইয়া বর্ত্তমান সরকার অধিন ধার্য্য খাজনাদি আদায় দিয়া রাজপুর - সোনারপুর পৌরসভার নাম পত্তন করিয়া অন্যের বিনা সংশ্রবে অদ্যাবধি নিরবচ্ছিন্ন ভাবে একযোগে ষোল আনা রকম স্বত্ব প্রচারে ভোগ দখল করিয়া আসিতেছি।

..৩

বর্তমানে গৃহাদি নির্মান ও মেরামত করিবার জন্য ও অন্যান্য বৈধ কারণে নগদ অর্থের প্রয়োজনে আমি অদ্য আপনার নিকট হইতে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি বর্তমান বাজার যাচাই সর্ব্বোচ্চ্য মূল্য বেলমোক্তা - ১,০০,০০০.০০ এক লক্ষ টাকা গ্রহনে উক্ত সম্পত্তি আপনাকে বিক্রয় করিলাম ও বিক্রিত সম্পত্তিতে দখল দিলাম এবং অত্র সাফ বিক্রয় কোবালা সম্পাদনে স্বীকার, প্রকাশ ও অঙ্গীকার করিতেছি যে, আপনি অদ্য হইতে নিম্ন তপশীল বর্নিত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ব স্বত্ববান ও দখলে কায়েম দখলীকার হইয়া মালিক সরকারের অধিনে নাম পত্তন করতঃ ধার্য্য খাজনাদি আদায় দিয়া ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গনক্রমে সর্ব্বপ্রকার হস্তান্তর ও রূপান্তর করন ক্ষমতা পরিচালনে যথেচ্ছা ভোগ দখল করিতে থাকুন । তাহাতে আমি বা আমার অপর কোন ওয়ারিশান বা স্থলাভিষিক্ত ব্যক্তিগন কস্মিন কালে কোন প্রকার দাবি দাওয়া বা ওজরাপত্তি করিতে পারিব না বা পারিবেক না, করিলে ও তাহা সর্ব্বত্র সর্ব্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে ।

নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে কাহাকে ও হস্তান্তর করি নাই বা দান, বিক্রয় ও বন্ধকাদির দ্বারা আবদ্ধ হয় নাই বা উহা কোন আদালত কর্তৃক ক্রোক বা নিলাম হয় নাই বা এ্যকুইজিশান বা রিকুইজিশান হয় নাই বা অন্য কোন প্রকার দায়যুক্ত হয় নাই । উহা সম্পূর্ন নির্দায় নির্দোষ ও বিক্রয় যোগ্য উত্তম স্বত্ব বিদ্যমান থাকাবস্থায় অদ্য আপনাকে বিক্রয় করিয়া ও দখল দিয়া আমি চিরতরের মত নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম ।

উক্ত বিক্রিত সম্পত্তিতে আমার স্বত্ব স্বামিত্বের হীনতার জন্য বা আমার কোনরূপ তঞ্চকতার জন্য ভবিষ্যতে আপনার কোন ক্ষতি খেসারত হইলে আমি ওয়ারিশান গনক্রমে তাহা পূরন করিতে বাধ্য থাকিলাম ও থাকিবেক ।

আরও প্রকাশ থাকে যে, উক্ত বিক্রিত সম্পত্তিতে আপনার স্বত্ব স্বামিত্ব সুদৃঢ় করিবার জন্য অত্র দলিলে কোনরূপ ভূল ভ্রান্তি প্রকাশ পাইলে তাহা সংশোধন করিবার জন্য আপনার তলব মত আপনার খরচায় বিনা পন গ্রহনে প্রয়োজনীয় দলিল দস্তাবেজ সম্পাদন করিয়া দিতে বাধ্য থাকিলাম ।

এতদ্বার্থে সুস্থ শরীরে স্বেচ্ছায় স্বজ্ঞানে সরল মনে অন্যের বিনানুরোধে অত্র কোবালার লিখিত বিষয় বিশেষ ভাবে অবগত হইয়া পনের বাবদ সমুদয় টাকা নিম্ন জায়মত নগদ গ্রহনে অত্র কোবালা সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম ।

ইতি তারিখ :- বাংলা ১৪০৫ সনের ৪ঠা মাঘ
ইংরাজী ১৯৯৯ সালের ১৮ই জানুয়ারী,

**********************************************

তপশীলে বিক্রিত সম্পত্তির পরিচয় :-

*******************************

জেলা দক্ষিন ২৪ পরগনা , থানা ও এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিস সোনারপুর এলাকাধীন মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে দক্ষিন ২৪ পরগনা কালেক্টার অধিন রাজপুর - সোনারপুর পৌরসভার এলাকা ভূক্ত পরগনে - মেদনমল্ল অন্তর্গত মৌজা - জগন্নাথপুর অবস্থিত জেঃ এলঃ নং - ৫৯, রেঃ সাঃ নং - ৪৪, তৌজি নং - ২৭৯ ভূক্ত আর. এস. ২৬৬ নং খতিয়ান লিপিবদ্ধ এক জমায় ১.৮৬ শতক জমির বার্ষিক খাজনা ৫০.০০ টাকা পয়সা জমার মধ্যে বিক্রিত ৫ কাঠা পরিমিত জমির হারাহারী খাজনা ১.০০ পয়সা টাকা স্বত্ব রায়ত দখলী :-

আর.এস. ৫৩৩ পাঁচ শত তেত্রিশ নং দাগে ডাঙ্গা ৯৯ শতক জমির মধ্যে আমার খরিদা অত্র কোবালা সংলগ্ন নকসায় ১৮১ নং প্লটে লাল রং দ্বারা সীমারেখা চিহ্নিত ও পরিবেষ্টিত ৫ পাঁচ কাঠা পরিমিত জমি অত্র কোবালা মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে । বিক্রিত সম্পত্তির যাবতীয় চলাচলের ব্যবহারিক ইজমেন্ট স্বত্ত্বাদি সহ সম্পত্তি অত্র কোবালা মূলে বিক্রিত সম্পত্তি হইতেছে । মূল্য - ১,০০,০০০ এক লক্ষ টাকা ॥

টাকার জায় :- অদ্য তারিখে নোটে নগদে প্রাপ্ত ১,০০০০০ এক লক্ষ টাকা বুঝিয়া পাইলাম ॥
[illegible]

লাইসেন্স প্রাপ্ত দলিল লেখক :-
[signature: শ্রীযোগেন্দ্রনাথ মণ্ডল]
শ্রী যোগেন্দ্রনাথ মন্ডল
লাইসেন্স নং - ৩১।৯৯
সোনারপুর সাবরেজিষ্ট্রী অফিস ॥

ইসাদি :-
[signatures] [illegible]

টাইপকারক :- [signature] [illegible]

SEAL OF THE ADDL DISTRICT SUB-REGISTRAR * SONARPUR, DT. 24 PGS. (S)

Additional District Sub-Registrar
Sonarpur, South 24-Pgs.

18 JAN 1999

SEAL OF THE ADDL DISTRICT SUB-REGISTRAR * SONARPUR, DT. 24 PGS. (S)

Book No. 1
Volume No. 07
Pages 173 to 177
Being No. 396
For the Year 1999

Additional District Sub-Registrar
Sonarpur, South 24-Pgs.

28.1.99